মুদ্বিক্স।

সংস্ত মুদ্রাক্ষের অন্তবাদ।

ক্রিকাথ)ন্যাররত্ব প্র<u>ণ্ডিক</u>

ক্রিকাতা।

মৃচ্চাপর অপর সবকিউলব রোড, মং ৫৮।৫

গিরিশ-বিদ্যারত্ন যক্ত্রে

তৃতীয়বার মৃদ্রিত।

हैं १५७१ मान।

म्ला २ र जाना माज।

মুড়ারাক্স।

সংস্কৃত মুদ্রাক্ষসের অনুবাদ।

শ্রীহরিনাথ ন্যায়রত্ব প্রণীত।

কলিকাতা।

মৃদ্ধাপুর, অপর সরকিউলর রোড, নং ৫৮।৫।

গিরিশ-বিদ্যারত্ব যন্ত্রে

তৃতীয় বার মূদ্রত।

ইং ১৮৬৭ সাল।

মূল্য বার আনা মাত্র।

প্রথম বারের বিজ্ঞাপন।

সংস্কৃত ভাষায় 'মুদারাক্ষস' অভি উৎকৃষ্ট নাটক বলিয়া প্রসিদ্ধ আছে। সহৃদয় ব্যক্তি মাতেই ইহার রসাধাদন করিয়া ভূয়সী প্রশংসা করিয়া থাকেন, এবং ইহাকে এক নবীন-প্রকার চমৎকার নাটক বলিয়া স্বীকার করেন। ইহাতে আদা রসের লেশমাত্রও নাই, এবং অন্যান্য নাটকের ন্যায় অসম্ভব ঘটনাও নাই। অন্যান্য নাটকে রাজনীতি-ঘটিত প্রসঙ্গ অতি-বিরল, কিন্তু ইহার অন্তর্গত প্রায় সমুদ্য ঘটনাগুলিই রাজনীতি বিষয়ক। বিশেষতঃ অসামান্য প্রভুতক্তি, অকৃত্রিন বন্ধুতা ও অত্যন্ত দৃঢ়প্রতিজ্ঞার ঈদৃশ উত্তম উদাহরণস্থল সচরীচর দেখিতে পাওয়া মণ্য় না। অধিকন্ত এই গ্রন্থ পাঠে এতদেশ-প্রসিদ্ধ পণ্ডিতবর চাণকোর অসাধারণ মন্ত্রণাচাতুর্য্য ও অলৌকিক বুদ্ধিকৌশলের স্পষ্ট প্রদাণ প্রাপ্ত ও তদীয় জী**ব**দুনর অধিকা॰শ বুস্তাম্ভ অবগত হইতে পারা যায়। -অত্তএর সর্ববিধায়েই এই নাটক উত্তন পাঠোপ্রযোগী স্বীকার করিতে হইবে।

আমি এই বিবেচনা করিয়াই মুদ্বারাক্ষসের অন্তবাদনে প্রবন্ত হইয়াছি। আমি মূল গ্রন্থের অবিকল অনুবাদ করি নাই, আখ্যায়িকামাত অবলয়ন করিয়া এই প্রবদ্ধ-খানি লিখিয়াছি। আরও অধ্নাতন পাঠকরন্দের সর্বভোভাবে পাঠোপযোগী করিবার নিমিত অনেক স্থাই গ্রন্থক্তার ভাব পরিবর্তিত ও পরিভাক্ত হইয়াছে, এবং অনেক স্থাইই অভিনব ভাব সংযোজিত করা

গিয়াছে। ইহাতে আমার যে অপরাধ হইয়াছে সুধী-গণ অনুগ্রহপূর্বাকৃ মার্জনা করিবেন।

পাঠকদিগের আখ্যায়িকার যথার্থ মর্মারবোধ ও সবিশেষ স্বাদগ্রহ হইবে বলিয়া আমি বহুতর পরিশ্রম ও যত্ন স্বীকার করিয়া নানা ইতিহাস হইতে এই প্রব-ন্ধের পূর্মপীচিকাটী সঙ্কলিত করিয়াছি, এক্ষণে পুস্তক-খানি পাঠকগণের আদরণীয় হইলেই আমার সমস্ত পরি-শ্রম সার্থক হইবে।

তৃতীয় বারের বিজ্ঞাপন।

মুদ্রারাক্ষস ছাত্রদিগের উত্তম পাঠোপযোগী সুতরাং বিদ্যালয়-সমূহে চলিত হইবে মনে করিয়া আমি উহার অনুবাদ করি; এক্ষণে আমার সেই মানস সম্পূর্ণ হইল। বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ মহোদরগণ ইংরাজী ১৮৬৪ সালের এক্ট্রেক্স পরীক্ষার পুস্তক মধ্যে এখানিও পেরি-গণিত ক্রিয়াছিলেন, এবর্ষে মহামুভব জ্রীল জ্রীবৃক্ত উড্রো-সাহেব ইন্স্পেক্টর মহাশয় বাঙ্গালা ছাত্রন্তির নিমিত্ত নিধারিত করিয়াছেন।

অন্যান্য ইতিহাস-গ্রন্থের সহিত ঐক্য রাখিতে গিয়া প্রথম বারে পূর্মপী টিকামধ্যে একটী স্থলে অপশব্দ প্রয়োগ হইয়াছিল, দিতীয় বারে অধ্যক্ষ মহোদয়গণের মভানুসারে সেই স্থলটী পরিবর্তিত করা হইয়াছে।

সন ১২৭৩। মাখ। }

এইরিনাথ শর্মা।



পূর্বাপীটিকা।

পূর্মকালে মণধরাজ্য ভারতবর্ষের এক প্রধান জনস্থান ছিল। জরাসন্ধ প্রভৃতি বীরপ্রেষ্ঠ পৌরব রাজপুরুষেরা এই স্থানে রাজত্ব করিয়াছিলেন। তাঁহাদিগের প্রবল প্রতাপ ও বল-বিক্রম এত অধিক প্রাছ্ভূতি হইয়াছিল যে, তৎকীর্দ্তিকলাপ অদ্যাপি ধরাতলে
দেদীপ্যমান রহিয়াছে। কিন্তু জগতের কোন বস্তুই
অবিনশ্বর নহে, এবং ভাগালক্ষ্মী কাহারও চিরস্থায়িনী
হয় না, কালবলে সকলই বিলয়প্রাপ্ত ও সকলই পরিবর্ত্তিত হয়। পুরুবংশের তথাবিধ পরাক্রম নিয়তিক্রমে পরিহীয়নাণ হইলে, শূদ্রজাতীয় মহাবলশালী
বিশ্বাত মহীপতি নন্দ পৌরবরাজকে রাজ্যন্তুত করিয়া
য়য়ং সিংহাসনে অধিরোহণ করেন। তদীয় জয়পভাকা ক্রমে জনে ভারতবর্ষের অধিকাংশ স্থানে স্থাপিত
হয়য়াছিল।

ইতিহাস প্রস্থে নির্দ্ধিট আছে "এক শত আটতিশ বংসর পর্যাস্ত মগধদেশে নন্দবংশের রাজত্ব ছিল।" এই বংশে মহানদ্দের জন্ম হয়। তিনি অত্যস্ত পরা- ক্রমশালী নরপাল ছিলেন। যৎকালে প্রাদদ্ধ যোদ্ধা
মহাবীর আলেক্জেণ্ডর ভারতবর্ষ আক্রমণ করেন,
মহানন্দ বিংশতি সহস্র অং, ছই লক্ষ্পদাতি ও বছসন্ধা হস্তিসৈনা সম্ভিব্যাহারে তাঁহার বিরুদ্ধে যুদ্ধধারা
করিতে উদাত ইংকাহিনেন ক্রেড্রান্ত প্রাদদ্ধি
আছে মহানন্দের সময় ভংসদৃশ পরাক্রান্ত রাজা ভারতবর্ষে বড় অধিক ছিল না ।

রাজা মহানদের ছই মন্ত্রী ছিলেন, প্রধান মন্ত্রীর নাম শকটার, দ্বিতায়ের নাম রাক্ষন। শকটার শূল-জাতীয়, রাক্ষস ব্রাহ্মণ ছিলেন। ইহাঁরা উভয়েই অসাধারণ বুদ্ধিমান্, কার্যাদক্ষতা ও রাজনীতি-চাতুর্য্যাবিষয়ে উভয়েই বিখ্যাত ছিলেন। তল্লধ্যে রাক্ষম অতিধীর ও একান্ত প্রান্তুভক্ত, শকটার সাতিশয় উদ্ধত-সভাব-সম্পন্ন ছিলেন। তিনি প্রাচীন মন্ত্রী বলিয়া কথন কথন রাজার উপরেও আধিপত্য করিতে চাহিতেন। মহানদ্ধও অভান্ত গর্মিত ও ক্রোধাপরের ছিলেন, স্প্তরাং তাহাদিগের পরস্পরের স্বভাব কোন মতেই সঙ্গত হইত না। পরিশেষে রাক্ষা ক্রোধান্ধ ইইয়া তাহাকে সপরিবার কারায়দ্ধ করি-য়াছিলেন। এবং যৎপরোনান্তি শান্তি দিবার নিমিত্ত তাহাদিগের আহারার্থ ছই সের শক্তুমাত প্রদান করিতেন।

শকটার বহুকাল প্রধান মন্ত্রীর পদে অভিসম্ভান্ত-ভাবে ছিলেন। উদৃশ প্রবমাননা তাঁহার পক্ষে মৃত্যু অপেক্ষাও রেশকর হইয়াছিল। তিনি প্রতিদিন আহা-রের পূর্বে শালু-শরাব হস্তে করিয়া পরিষ্কারদিগকে বলিতেন, আমাদিগের মধ্যে যে ব্যক্তি নন্দ-কুল উম্লিভ করিতে পারিবে সেই এই শক্তু ভোজন করিবে।
যাহাহউক শকটারের স্ত্রীপুতাদি পরিবার চিরকাল স্থসেব্য সামগ্রীই সেবন করিত, এভাবং ক্লেশ ভাহাদিগের
যপ্পেও অসুভূতু ছিল ন।; সুভরাং অচিরাং একে একে
সকলেই কারামধ্যে প্রাণভাগে করিল।

শকটারের একতঃ তথাবিধু অপমান, তাহাতে প্রিরপরিজনগণের অকালমৃত্যু হওয়াতে তিনি নিরতিশন শোকার্ত্ত হইলেন। এরপ অবস্থায় তিনি অনাহারেই প্রাণ পরিত্যাগ করিতেন, কিন্তু প্রতিহিংলাপ্রকৃতি প্রবল হওয়াতে তাঁহাকে কথঞিং জীবন ধারণ করিয়। ধাকিতে হইয়াছিল। তিনি কি উপায়ে অভীফ সাধন করিবেন। মনে মনে ভাহারই উপায় অনুসন্ধান করিতে লাগিলেন। ঘটনাক্রেনে ঐ সময় তদীয় কারামোচনের একটি সুন্দর উপায় উপস্থিত হইয়াছিল।

এরপ শ্রুত আছে, রাজা মহানন্দ এক দিন অলিনেদর উপর মুখপ্রকালন করিয়া হাসিতে হাসিতে গৃহমধ্যে আসিভেছিলেন। বিচক্ষণা নামী তদীয় দাসী
অভ্যন্তরে দণ্ডায়মান ছিল, সে রাজাকে হাসিতে দেখিয়া
আপনিও ঈষৎ হাস্য করিল। রাজা জিজ্ঞাসা করিলেন, বিচক্ষণা, তুমি কেন হাস্য করিলে? সে কহিল
মহারাজ যে জন্য হাস্য করিয়াছেন আমিও সেই জন্যই
হাসিয়াছি। রাজা কুপিত হইয়া কহিলেন, বিচক্ষণা,
যদি তুমি আমার হাস্যের কারণ বলিতে পার ভাষা
হইলে যাহা প্রার্থনা করিবে ভাষাই দিব; অন্যথা এই
দণ্ডেই ভোমার প্রাণদণ্ড করিব। দাসী ভীত হইয়া

নিরূপায় ভাবিয়া কহিল, মহারাজ, আপনি অনুগ্রহ-পূর্বক এক নাসতসময় দিলে আমি ইহার প্রকৃত কারণ বলিতে পারিব। এ কথায় রাজা ভথাস্ত বলিয়া দাসীকে বিদায় করিলেন।

দাসী সময় লইল বটে, কিন্তু কাজে কিছুই করিয়া উঠিতে পারিল না; যত সময় অতীত হইতে লাগিল প্রাণতয়ে ততই ব্যাকুল, হইয়া ইতন্ততঃ আল্মীয়বর্গকে জিজ্ঞাসা করিতে লাগিল; কিন্তু কেহ কিছুই স্থির বলিতে পারিল না। পরিশেষে দাসী বিবেচনা করিল, শকটার এখানকার প্রাচীন মন্ত্রী ও অসামান্য-বৃদ্ধিনান্, অতএব একবার তাঁহাকেই জিজ্ঞাসা করা কর্ত্ব্য। দাসী এই বিবেচনা করিয়া সুস্বাদ জলপানীয় সামগ্রী সন্ত্রুহ করিয়া শকটারের নিকট গমন করিল। শক-টার পানভোজনান্তে তদীয় আগমনের প্রয়োজন জিজ্ঞাসা করিলে, সে অতিকাতরা হইয়া তাঁহাকে স্থকীয় আসল্ল বিপদ্ অবগত করিল।

মন্ত্রী কহিলেন, বিচক্ষণা, এবিছধ বিষয়ের সবিশেষ প্রকরণগ্রহ না হইলে কথনই কারণ উদ্ভাবিত করিতে পারা যায় না। অতএব রাজা কোন স্থানে কি ভাবে হাস্য করিয়াছিলেন বিশেষ করিয়া বল। দাসী বলিল রাজা অলিন্দের উপর মুখ প্রকালন করিয়া গৃহমধ্যে আসিবার সময় ঈষৎ হাস্য করিয়াছিলেন। শকটার মুহূর্ত্তকাল চিন্তা করিয়া কহিলেন, বিচক্ষণা, আমি তদীয় হাস্যের কারণ বলিতেছি প্রবণ কর। মুখ প্রকালন-কালে মুখোৎসৃষ্ট তোয়গত কুলু বিষ্কেতে রাজার বট-বীজের জন হইয়াছিল, এবং এ কুলু বীজ মধ্যে প্রকাণ্ড রক্ষ অন্তর্বিলীন রহিয়াছে, মনোমধ্যে এই ভাবের উদয়
হইয়াছিল; পশ্চাং বিশ্ব সকল বিলীন হইলে অমজ্ঞান
তৎক্ষণাৎ অপনীত হইল। তথন রাজা স্বকীয় অন্তঃকরণে বাতুলের ন্যায় অন্তুত উদাসীন ভাবের উদয়
হইয়াছিল মনে করিয়া হাস্য করিয়াছিলেন। দাসী
কৃতাঞ্চলি হইয়া কহিল মন্তিবর যদি এইটিই রাজার
হাস্যের প্রকৃত কারণ হয়, ও এ ্যাতা রক্ষা পাই, ভাহা
হইলে ধেরপে পারি আনি আপনকার কারাবিমোচন
করিব, এবং যাবজ্জীবন বশ্রম হইয়া থাকিব।
এ কথায় শক্টার ভাহাকে অভয়দান পূর্মক বিদায়
করিলেন।

ঐ সময় রাজা অন্তঃপুর মধ্যে ছিলেন, দাসী তথায়
উপস্থিত হইয়া সভয়ে দগুয়লান হইলে রাজা তদিয়
মনোগত ভাব বুঝিতে পারিয়া আপনার হাস্যের কারণ
জিজ্ঞাসা করিলেন। দাসী কৃতাঞ্জলি হইয়া শকটার
যেরপ বলিয়াছিলেন অবিকল তাহাই বলিল। রাজা
বিশ্ময়ান্বিত হইয়া কহিলেন, বিচক্ষণা, ভোমার আর
ভয় নাই, আমি প্রতিশ্রুত হইয়াছি তুমি যাহা প্রার্থনা
করিবে ভাহা দিব, কিন্তু সভ্য করিয়া বল কোন অসাধারণ বুজিনান স্ক্রার্থদশী হইতে ইহা উদ্ভাবিভ
হইল। দাসী কহিল, মহারাজ, আপনকার প্রাচীন
মন্ত্রী শকটার ইহার মর্মোছেদ করিয়াছেন। ইহা
শ্রবণে মহানন্দ সাভিশ্ম চমৎকৃত আছ্লাদিভ ও কিঞ্চিৎ
অস্তপ্ত-প্রায় হইয়া ভদীয় অসামান্য স্ক্রেদ্শিতার
ভয়্য়নী প্রশংসা করিতে লাগিলেন।

नानी नमम बुक्सिया निर्दापन कतिल, महाताज, आमि

শকটার হইতে প্রাণদান পাইলাম, আপনি কুপাব-লোকন করিয়া। ভাঁহাকে কারামুক্ত করিলে আলার যমোচিত পুরস্কার লাভ হয়। দালীর এইরূপ প্রার্থ-নায় রাজা সন্তুট হইয়া তৎক্ষণাৎ তদীয়া কারামোচ-নের আদেশ প্রদান করিলেন, এবং পরিশেষে রাক্ষসকে প্রধান মন্ত্রী করিয়া ভাঁহাকে দ্বিতীয় মন্ত্রীর পদে নিয়ো-জিত করিলেন।

শকটার মনে মনে চিন্তা করিলেন, মহানন্দ যদিও
আপাততঃ আনার প্রতি কিছু দয়া প্রকাশ করিল, কিন্তু
ঈদুশ অব্যবস্থিত-চেতা যথেচ্ছাটারী প্রত্নুর সেবা করা
সসর্পগৃহ-বাসের ন্যায় সাতিশয় শল্পার স্থান সন্দেহ নাই।
বিশেষতঃ রাক্ষসের অধীনতা খীকার আনার পক্ষে
অত্যন্ত অপমানের বিষয়; আর আমি কারবাস কালে
নন্দকুল বিনই করিব প্রতিজ্ঞা করিয়াছি, তবে যত দিন
উহার একটা উপায় অবলম্বন করিতে না পারি তত দিন
এই ভাবে থাকাই কর্ত্ব্য। তিনি এইরূপ চিন্তা করিয়া
স্থকাব্য-সাধনোন্দেশে কথ্ঞিং কালাতিপাত করিছে
লাগিলেন।

শক্টার প্রিয়-পরিজন বিয়োগে অত্যন্ত শোকার্ড
হইয়াছিলেন, মধ্যে মধ্যে বিনোদনার্থ অশ্বারক্ত হইয়া
একাকী প্রান্তরে ভ্রমণ করিতে যাইতেন। তথায় এক
দিন দেখিলেন, একজন কৃষ্ণবর্গ দীর্ঘাকার ব্রাহ্মণ একান্তনে কুশমূল উন্মূলিত করিয়া তক্র ঢালিয়া দিতেছে।
দেখিবামাত্র কিঞ্চিৎ বিন্যয়াহিত হইয়া নিকটে পিয়া
জিজ্ঞাসা করিলেন, অহে ব্রাহ্মণ, আপনি কি নিমিন্ত
একাকী প্রান্তর মধ্যে ঈদৃশ ক্লেশকর ব্যাপারে নিযুক্ত

হইয়াছেন। ব্রাহ্মণ শক্টারের শ্রন্তি দৃষ্টিপাত করিয়া কহিলেন, মহাশয়, আনি প্রতিক্তার্ড় •হইয়াছি এই প্রান্তরে যুত কুশ আছে সমুদায় বিন্ট করিব। শকটার . পুনর্বার জিজাসা করিলেন, মহাশন্ত, আপনার নাম ও ব্যবসায় কি এবং কি নিমিত্তই বা এরূপ প্রতিজ্ঞাবদ্ধ হইলেন ? তিনি কহিলেন, মহাশয়, আমার নাম চাণক্য-শশ্মী, আমি ব্ৰহ্মচৰ্ব্যাপ্ৰমে বেদ্লাদি সমস্ত শাস্ত্ৰ অধ্য-য়ন করিয়া এক্ষণে সংসারাশ্রমী হইবার মানসে লোকা-লয়ে আসিয়াছি। কিয়দিন হইল এই পথে বিবাহ করিতে বাইতেছিলাম, পদতলে কুশাস্কুর বিদ্ধ হইয়া ক্ষতাশ্বেচ হওয়াতে তাহার ব্যাঘাত হইয়াছে। নির্দিউ আছে রোগ ও শক্ত অতিকুদ্র হইলেও তাহার প্রতি উপেক্ষা করা বৃদ্ধিমানের কর্ত্তব্য নহে। আমি এই সিদ্ধান্তের অন্যবর্ডী হইয়। এরূপ প্রভিচ্চার্ক্ত হই-য়াছি। আর রসায়ন-বিদ্যায় আমার পারদর্শিতা আছে, বস্তুগুণ-বিচারে পূর্বপণ্ডিতের। নির্দেশ করিয়াছেন, তক্র-ুস্পর্শে কুশ নট হয়, আমি সেই নিমিত কুশমূল উৎপা-টিত করিয়া তক্র ঢালিয়া দিতেছি।

শকটার চাণক্যের এই সকল কথা প্রবণ করিয়া বিবেচনা করিলেন, ইহাঁর তুল্য স্থিরপ্রতিজ্ঞ ও অধ্যবসায়শালী পুরুষ প্রায় দৃষ্টিগোচর হয় না। আর ইহাঁকে
অসাধারণ পণ্ডিতও দেখিতেছি, আকৃতি ও ভাবভঙ্গী
দর্শনে স্পান্টই বোধ হইতেছে এব্যক্তি সাতিশায় বুদ্ধিমান্ কার্য্যদক্ষ কুটিল ও অত্যন্ত ক্রুদ্ধভাবসম্পন্ন। অতথ্ব
কোন উপায়ে মহানদ্দের প্রতি এই ব্রাক্ষণের ক্রোধোৎপাদন করিয়া দিতে পারিলে ইউসাধন-বিষয়ে আমাকে

আর বড় একটা প্রয়াস পাইতে হইবে না। এই ব্যক্তিই
মহানন্দক্রে সকংশে বিনষ্ট করিবে সন্দেহ নাই। শকটার এইরপ বিবেচনা করিয়া কহিলেন, মহাশয়, য়িদ
আপনি নগরে থিয়া চতুস্পাঠী করিয়া অবস্থান করেন
ভাহা হইলে আমি এই দণ্ডেই বছসঙ্খা লোক নিযুক্ত
করিয়া প্রান্তর কুশশূন্য করিয়া দিই। মন্ত্রিবচনে চাণক্য
মন্মত হইলে, তিনি তৎক্ষণাৎ লোকঘারা সমুদায় কুশ
নির্দ্দি করিয়া তাঁহাকে সঙ্গে লইয়া গৃহে প্রভাগমন
করিলেন।

নগরমধ্যে ভাঁহার একটি সুন্দর চতুস্পাঠী হইল, বিদ্যার্থিগণ নানাস্থান হইতে আসিয়া উপস্থিত হইতে লাগিলে, সুধীবর চাণক্য সকল শাস্ত্রেই অধ্যাপনা করিতে আরম্ভ করিলেন। ভদীয় বিদ্যাবৃদ্ধির প্রতিভা দর্শনে সকলেই ভাঁহাকে অসাধারণ পণ্ডিত বলিয়া মান্য করিতে লাগিল, শিষাগণ ভাঁহাকে একেবারে সর্বজ্ঞ বলিয়া বোধ করিতে লাগিলেন।

শকটার চাণক্যকে আনিয়া অবধি কিরপে ইউ লাধন করিবেন তাহারই উপায় অনুসন্ধান করিতেছিলেন। ইভিমধ্যে মহানন্দের পিতৃপ্রান্ধের দিবস আলিয়া উপ-হিভ হইল। শকটার চিন্তা করিলেন আমি রাজার অনুমতি ব্যভিরেকে চাণক্যকে লইয়া গিয়া পাত্রীয় আসনে বসাইব, ইহাঁর যেপ্রকার আকার, বোধ হয় মহানন্দ ইহাঁকে বরণ করিভে কোন মভেই সন্মত হই-বেন না। বিশেষতঃ রাজ্সের প্রতি ব্যান্ধণ আনিবার ভার আছে, তিনি অবশাই কোন ব্যান্ধণকে নিমন্ত্রিভ করিয়া আনিবেন ও তাহাকে বরণ করাইবার নিমিত্ত বিশিষ্ট চেন্টাও পাইবেন; ভাহা হইলেই নদীর মনো-রথ সিদ্ধ হইবার অভ্যন্ত সন্তাবনা। শকীটার এইরপ চিন্তা করিয়া চাণকাকে নিমন্ত্রণপূর্বক রাজবাটীতে লইয়া গেলেন, এবং সন্ধাত্রে ভাঁহাকে পাত্রীয় আসনে বসাইয়া বয়ং কোন কার্যা ব্যপদেশে ভথাহইতে প্রস্থান করিলেন।

কিয়ৎকণ বিলয়েই বাক্ষ্য এক জন প্রাহ্মণকে সঙ্গে করিয়া তথায় উপস্থিত ইইলেন। তিনি দেখিলেন এক জন কৃষ্ণবৰ্ণ কদাকার অপরিচিত ব্রাহ্মণ আসনে বসিয়া আছেন; দেখিবামাত্র বিলিত হইয়া জিজাসা করিলেন মহাশয়, আপনাকে এথানে কে আনিয়াছে। চাণকা কহিলেন আমাকে শক্টার মন্ত্রী নিমন্ত্রিত করিয়া আনি-লাছেন। রাক্ষস এই কথা শুনিয়া আপনার আনীত ব্রাহ্মণটীকে সজে লইয়া রাজার নিকট গমন করিলেন। রাজা আদ্ধীয় সভায় আসিতেছিলেন, রাক্ষস সম্বোধন-পূর্বক কহিলেন, নহারাজ, আমি আপনকার আদেশে ইহাঁকে পাত্রীয় ব্রাহ্মণ করিবার নিশিত্ত নিমন্ত্রিত করিয়া আনিয়াছি; কিন্তু শকটার এক জন উদাসীন ব্রাহ্মণকে আনিয়া সেই আসনে বসাইয়া প্রস্থান করিয়াছেন। কিন্তু সেই ব্রাহ্মণ শান্ত্রান্ত্রসারে বরণীয় হইতে পারেন না। কুফার্যর্থ শ্যার্যন্ত আরক্তনেত্র ব্রাহ্মণকে বর্ণ করিতে শাস্ত্রে নিষেধ আছে। অতএব একণে মহা-রাজের যেরূপ অভিকৃতি হয় তাহাই করুন। মহানন্দ একতঃ অব্যবস্থিতচিত্ত ও শক্টারের প্রতি তাঁহার চির-বিষেষ ছিল, ভাহাতে ভিনি বিনা আদেশে এক জন অপরিচিত ব্রাহ্মণকে বসাইয়া স্বয়ং প্রস্থান করিয়াছেন

শুনিয়া প্ৰত্যন্ত রাগান্ধ হইয়া ক্রতগতি প্রান্ধীয় সভায় উপস্থিত হইবেন, এবং চাণকোর তথাবিধ কুৎসিতাকার मर्गात छाँशांक किছू ना विलग्ना विकार विकारत मिथाकर्यन পুর্বাক আসনহইতে উঠাইয়া দিলেন। সভামধ্যে ঈদুশ অপমান কেহই মহা করিছে পারে না। চাপকা অত্যন্ত তেজ্বি-ষভাব, রাজা ভাঁহাকে যেমন উঠাইয়া দিলেন অমনি ভদীয় আরক্ত নয়ন ক্রোধে দ্বিগুণিত-রক্তবর্ণ হইয়া উঠিল, সর্বশরীর কাঁপিতে লাগিল, শিখা আলু-লায়িত হইল। তথন তিনি ভূতলে পদাঘাত করিয়া কহিলেন, অরে ছুরাআ। মহানন ! তুই আমাকে ঘেমন নিরপরাধে অপমান করিলি, ভোকে ইহার সমুচিত প্রতিফল পাইতে হইবে। অহে সভ্যগণ, তোমরা সকলে সাক্ষী থাকিলে, আমার নাম চাণক্য শর্মা, রাজা ভোমাদিগের সমকে নিরপরাধে আমার কেশাকর্ষণ করিয়া অপমান করিলেন, এই শিখা নন্দবংশের কাল-ভুজদীয়রপ জানিবে, আমি প্রতিক্রা করিতেছি, যত দিন নন্দৰংশ ধ্বংস করিতে না পারিব তত দিনু আমার এই শিখা এইরূপই রহিল। চাণক্য এই কথা বলিয়া ভৎক্ণাৎ তথাছইতে প্রস্থান করিলেন। সভাগণ রাজার ঈদুশ গঠিত ব্যবহারে সাভিশয় বিরক্ত হইয়া কিছু না दिनाटि शांतिया अत्थायमन इरेया तरितन ।

চাণক্য রাজভবন হইতে বহির্গত হইয়া একবারে শকটার মন্ত্রির আলয়ে উপস্থিত হইলেন। শকটারও চাণক্যের প্রভীকা করিভেছিলেন, তাঁহাকে মূর্ভিমান্ ক্রোধের ন্যায় আসিতে দেখিয়া নিজ মনোরথ সম্পূর্ণ হইয়াছে, বুঝিয়া মনে মনে অতান্ত আনন্দিত হইলেন। চাণকা উপস্থিতমাত্র সজোধবচনে সংখাধন করিয়া কহি-লেন, অহে শক্টার! অদ্য প্রশেষ মহানিদ আমাকে সভাসমকে বংপরোনান্তি অপমানিত করিয়াছে, আমিও ভাহাকে সবংশে বিন্ধ করিব প্রতিজ্ঞা করিয়াছি। ইহা ত্রবণে শক্টার প্রথমতঃ তাঁহাকে উত্তেজক বাক্ষারা সম্ধিক উৎসাহিত করিলেন, পশ্চাৎ যেরূপে আপনার কারাবাস হইয়াছিল, যেরূপে প্রিয় পরিজন বিন্ট হই-য়াছিল এবং বিচক্ষণা দারা যেরূপে আপনি কারাম্ক্ত হইয়াছেন, সমুদায় সবিশেষ বর্ণন করিলেন: এবং সর্বশেষে কহিলেন, মহাশয়, আপনকার এই অপনানের নিদান একপ্রকার আমিই হইয়াছি, অতএব আপনকার প্রতিজ্ঞা পরিপুরণ-বিষয়ে যাহা করিতে বলিবেন আমি শাখ্যান্দ্রমারে ক্রটি করিব না। চাণক্য শক্টার-বাক্যে সম্ভূষ্ট হইয়। কহিলেন, অহে মাক্রিবর, আপনি অদ্যই রাত্রিযোগে বিচক্ষণার সহিত আনার সাক্ষাৎ করাইয়া দিউন, আপনি তাহার প্রাণরকা করিয়াছেন, বোধ হর সে ব্রেমন বিষয়ে নহাশয়ের অন্তরোধ রক্ষা করিতে পারে। ^{ক্রা}আর শক্রর আন্তরিক রুত্তান্ত জানিতে না পারিলে, তদীয় নিধনের সহজ উপায় উদ্ভাবিত করা যায় না ; আমি এখানকার নিভান্ত উদাসীন, আপনি এখানে বহুঁকাল আছেন, রাজবাটীর সমুদায় বুভাত্তই জানেন, অতএব রাজপরিবারের কাহার কিরূপ ভাব, কে কিপ্রকার অবস্থায় আছে, সবিশেষ বর্ণন করুন।

শকটার কহিলেন, মহাশয়, রাজার রভাব আপনি ষয়ং প্রভাক করিয়াছেন। ইহার আট পুত্র ; জ্যান্ত চন্দ্রগুপ্ত, এক ক্ষোরকারপত্নীর গর্ভসম্ভূভ। সে সভি- ধীর-প্রকৃতি ও অতিসদ রিত্র, শক্তবিদায় পিতা অপেকাও প্রেষ্ঠ। 'আর সাত জনের কোন গুণ নাই, পিতার
বাবতীয় দৈন্দই তাহাদিগের শরীরে আছে। চল্রগুপ্ত প্রকাগণের প্রিয়পাত বলিয়া সুজাত জাতার।
তাহার অতি অত্যন্ত বিদ্বেষ করে, ও দাসীপুত্র বলিয়া
বাক্যযন্ত্রণা দেয়। রাজার জাতা সর্বার্থসিদ্ধি ,অতিমৃত্পকৃতি ও নিতান্ত অক্ষন; রাজসংসারে যথার্থ উপমৃত্পকৃতি ও নিতান্ত অক্ষন আছেন। অতথ্র একণে
আমাদিগকে যে সকল উপায় অবলম্বন করিতে হইবে,
বাহাতে প্রভুত্ত রাক্ষস তাহার মর্দ্যোন্তেদ করিতে না
পারেন এমত সার্থান হইয়া করিতে হইবে।

চাণক্য রাজার আন্তরিক বুভান্ত অবগত হইয়া অভ্যন্ত আহ্লাদিত হইলেন, এবং শকটারকে সম্বোধন করিয়া কহিলেন, মন্ত্রিবর! অদ্য রাত্রিশেষে চন্দ্রগুপ্তকে এই স্থানে আনাইতে হইবে, ভাহা হইলে সকল সমীহি-ভই সিদ্ধ হইতে পারিবে।

অনন্তর সন্ধা উপস্থিত হইলে, শকটার কোলা কমে বিচক্ষণাকে ডাকাইয়া চাণক্যের সহিত সাক্ষাবি করাইয়া আপনাদিগের অভিপ্রায় ব্যক্ত করিলেন। বিচক্ষণাও প্রাণপণে সাহায্য করিবে স্বীকার করিল। পরে দাসী চলিয়া গেলে, শকটার চক্রগুপুকে ডাকাইয়া আনিস্থা, আপনাদিগের আদ্যোপান্ত সমুদায় ইভান্ত অবগত করিলেন। চক্রগুপ্ত ভাতাদিগের অত্যুক্তিতে বিরক্ত হইয়া কখন কথন বনবাসী ইইতেও ইক্ছা করিতেন; এক্ষণে, "চাণক্য অভি উপযুক্ত লোক, ইহাঁকে সহায় করিতে পারিলে পরিণানে যথেট মন্ধল হইতে পারিবে' বিবেচনা করিয়া সর্বত্যোভাবে তাঁহার অনুগামী হইলেন।

অনন্তর চাৰকা, চক্রপ্তথ্যকে ও স্বকীয় শিবাদিপুকে
নঙ্গে লইয়া একবারে তপোষনে গমন করিলেন। তথার
জীবসিদ্ধি নামক একজন তদীয় সহাধ্যায়ী মিত্র বাস
করিতেন। চাৰকা তাঁহাকে আপনার প্রতিক্ষা-রুভান্ত
অবগত করিয়া কহিলেন, সথে, যত কাল আমার ইন্টসিদ্ধি না ইইবে তোমাকে রাজমন্ত্রী রাজসের নিকট
কপাকবেশে অবস্থান করিতে হইবে। জীবসিদ্ধি চাণকাবাক্যে সম্মত ইইলেন, এবং তাঁহাদিগকে নিজকুনীরে
রাধিয়া স্বয়ং রাজধানীতে গিয়া কোশলক্রমে রাজসের
বিশ্বাসভাজন হইলেন।

• শ্রুত আছে, চাণকা জীবসিদ্ধিকে বিদায় করিয়া তথায় তিন দিন অভিচার করেন. এবং অভিচারান্তে স্বকীয় শিষ্য দারা শক্টারের নিকট কিঞ্চিং নির্দ্ধাল্য পাঠাইয়া দেন। তিনি উহা বিচক্ষণার হত্তে প্রদান করিলে, সে রাজা ও রাজতনয়গণের গাত্রে স্পর্শ করাইয়া দেরী, ভাহাতে তিন দিন মধ্যে ভাঁহাদিগের প্রাণ ত্যাগ হয়। কিন্তু আমাদিগের ইহাই বোধ হয়, ভদানীন্তন সাধারণ লোকের অভিচারের প্রতি বিশ্বাস ছিল এবং অভিচার-সমর্থ ব্রাহ্মণিকে সকলেই তম করিয়া চলিত; চাণক্য ইহাই বিবেচনা করিয়া কেবল লোক প্রত্যার্থ ভাতৃশ আড়ম্বর করিয়াছিলেন; বস্তুতঃ ভংকালে রসায়ন বিদ্যার অভ্যন্ত প্রাত্ত্রিব হইয়াছিল, চাণক্যও ভাহাতে স্প্রিত ছিলেন, ভিনি এমত কোন

বস্তু প্রস্তুত করিয়া পাঠাইয়াছিলেন, বে ভদ্ধারা তাঁহা-দিগের প্রাণ বিয়োগ হইয়াছিল।

এই স্থানে কোন কোন ইতিহাস লেখকেরা কলেন,
শকটার খন্নং মহানদকে বিনক্ত করেন, ভংপারে ভদীন্দ
সাত পুত্র কিছুকাল রাজত্ব করিলে চাণকা চল্রগুপ্তানহ
মিলিয়া তাঁহাদিগকে বিনক্ত করিলাছিলেন। কিন্তু ইহা
মুলারাজনের সহিত সর্কাবয়বে সুসন্ধত হয় না। ফাহা
হউক, চাণকা যে খন্নং নন্দ্রংশের উচ্ছেদ করিয়াছিলেন
ভবিষয়ে সন্দেই নাই।

এইরপে দপুত্র মহানদের প্রাণ-বিয়োগ হইলে, নাগরিক লোক সকল উটছ-প্রায় হইল, রাজ্যমধ্যে একটা
হলস্প উপস্থিত হইল, দেশে দেশে চাগক্যের উদ্দেশে
লোক প্রেরিস্ত হইল : সকলেই বুরিলেন চাগক্য, শকটার
ও চল্রগুরুকে মঙ্গে লইয়া কোন দ্বুরদেশে প্রস্থান করিয়া,
অভিচার দ্বারা সপুত্র রাজ্যার প্রাণ-সংহার করিলেন।
বস্তুতঃ শকটার ভাঁহার সহিত ছিলেন না, ভিনি রাজ্যার
মৃত্যুর কিঞ্চিংক্ষণ পূর্বেই স্বকীয় মনোর্থ সিদ্ধ হইল,
জানিয়া নিবিজ্ বনে প্রবেশপূর্বক অনশন করিয়া
প্রাণত্যাণ করেন। যাহা হউক রাক্ষ্য, একজন
সামান্য ব্রাক্ষণ হইতে প্রভাব ক্রন্থি হইবে স্বপ্রেপ্ত
জানিডেন না। একণে প্রস্তুরিয়োগে সাজিশ্য কাজর
ও হতবুদ্ধি প্রায় হইলেন, এবং স্ক্রার্থনিদ্ধিকে সিংহাসনে ব্রাইয়া অভি সাবধানে রাজ্কার্য্য করিতে লাগিজেন।

জনন্তর চাণকা দৈন্য ব্যতিরেকে নগখ-সিংহাসন জবিকার করিতে পারিবেন না, বিবেচনা করিয়া তং-

সংগ্রহার্থ কিছুকাল কেলে মেলে ভ্রমণ করিয়া বেড়া-हेरलन । शतिराधित श्रवंडक नामक धक जुन वना ताजात সহিত আলাপ হইল। চাগক্য ভাঁহাকে, নন্দরাজ্য হস্ত-গত হইলে অদ্বাংশতাগী করিবেন, প্রতিশ্রুত হইয়া ভাঁহার নিকট সাহায় প্রার্থনা করিলেন। পর্যতক কভারতঃ অভ্যন্ত লোভ-পরতর ছিলেন। সূত্রাং চাণকোর প্রস্তাবে সম্মৃতি প্রকাশ করিনেন। ভাহার সহিত যে সকল ক্লেছ রাজাদিখের অভান্ত সৌহাদ্য ছিল, তাঁহাদিগকে সঙ্গে नहेशा मलग्रहरू ও ভাতা 'বৈরোধক সমভিব্যাহারে যুদ্ধথাতা করিলেন। এইরাপে চাণকা অসঙ্খা সৈনা সামন্ত লইয়া কতি-পয় দিবসমধ্যে আসিয়া কুস্মপুর অবরোধ করিলেন। পঞ্চনশ দিবস ঘোরতর যুদ্ধ হইল, প্রত্যেক বৃদ্ধেই নাগরিকেরা পরাল্ড হইতে লাগিল। পরিশেষে রাজা সর্বার্থসিদ্ধি, রাজ্য রক্ষা করা ছঃসাধ্য এবং রাজ্যচ্যুত হইয়া সংসারে থাকাও নিভান্ত ক্লেশকর, বিবেচন। করিয়া বৈরাণ্য অবলম্বন পূর্বক একবারে ভপোবনে প্রস্থান করিলেন। কিন্তু রাক্ষণ রাজ্যের অশঙ্গল দর্শনে मदर्न कतिशाष्ट्रितन, नर्कार्यमिष्टिक मदन नर्देश कान প্রবল নরপালের আশ্রম গ্রহণ করিবেন, সুভরাং সহসা রাজার হৈরাণ্য অবলয়ন তাঁহার অভ্যন্ত অসুখের কারণ হইয়া উচিল। তথন তিনি সর্কার্থসিদ্ধির অসুসরণ করিয়া, তাঁহাকে বৈরাগ্যাশ্রম হইতে প্রতিনিত্ত করাই कर्त्वा अवश्रातिक कतिलान । शहत मगर्शनवामी अक জন ধনাত্য মণিকারের ভবনে আত্মপরিজন সংগো-পিত করিয়া, শকটদাস-প্রভৃতি কতিপয় বিশ্বস্ত ব্যক্তির

হত্তে কএকটা কার্য্যের ভার দিয়া, স্বরং সর্বার্থসিদ্ধির উদ্দেশে তপোবন-যাতা করিলেন। ক্ষপদক-বেশধারী জীবনিদ্ধিও রাজা ও রাজমন্ত্রীর তপোবন-প্রস্থান, চাণ-ক্যাকে অবগত করিয়া, জ্মাত্যের সহচর হইলেন।

ঞানিকে চাণকা এই সমস্ত সংবাদ পাইয়া বিবেচনা করিলেন, যদি রাক্ষ্য সর্বার্থসিদ্ধির সহিত মিলিত হইয়া কোন বলবান রাক্ষার আশ্রয় গ্রহণ করে, তাহা হইলে রাজ্যে নানা প্রকার বিদ্ধা উপস্থিত হইবার অভ্যন্ত সম্ভাবনা; অভ্যব এই বেলাই ভাহার স্বিশেষ উপায় করা কর্ত্রা। আর সর্বার্থসিদ্ধি জীবিত থাকিলে আমার নন্দকুলোছেদের প্রতিক্রাও অসম্পূর্ণ থাকিতেছে। চাণকা, এই বিবেচনা করিয়া সর্বার্থসিদ্ধির ব্যোদেশে কতিপয় সৈনিক পুরুষ পাঠাইয়া দিলেন; ভাহারা, রাক্ষ্য ভপোবনে উপস্থিত হইবার পূর্বেই, এদিকে সর্বার্থসিদ্ধির প্রাণ সংহার করিল।

অনস্তর রাক্ষস তপোবনে উপস্থিত হই য়া, সর্কার্থ সিজি
শক্রহন্তে বিনট হই য়াছেন, শুনিয়া সাতিশয় শোকার্ত্ত হইলেন এবং ইতিকর্ত্তবাতা স্থির করিতে না পারিয়া হতাশপ্রায় হইয়া কএক দিবস সেই স্থানেই অবস্থান করিলেন। অনস্তর চাণকা সৈনিকমুখে সর্কার্থসিজির বিনাশের সংবাদ পাইয়া মনে করিলেন আমি অতি হস্তর প্রতিদ্ঞাসাগর উত্তীর্ণ হইলাম, এক্ষণে রাক্ষসকে আয়ত্ত করিয়া চন্দ্রগুপ্তের মন্ত্রী করিতে পারিলেই আমার মনোর্থ পূর্ণ হয়। চাণকা এই বিবেচনা করিয়া রাক্ষসকে মন্ত্রিজ্পদ গ্রহণ করিছে অলুরোধ করিয়া পাঠান। কিন্তু প্রভ্রুত্তক রাক্ষম তাহা সম্পূর্ণক্রপে অস্বীকার করেন। রাক্ষস কএকদিন তপোরনে থাকিয়া বিবৈচনা করিলেন রাজা পর্বভকেষরের সাহায্যই চাণক্যের একনাত্র
বল, কোন উপায়ে ভাহাকে হস্তগত করিছে পারিলেই
চাণকাকে পরাজ্য করিতে পারা যাইবে বিলাসন এই
বিবেচনা করিয়া পর্বভকের রাজধানীতে গমন করিলেন। এক জন অভি প্রাচীন ব্রাহ্মণ ভব্রতা নস্ত্রী
ছিলেন, রাক্ষর ভংসন্নিধানে উপস্থিত হইয়া প্রথমতঃ
আপনার সমুদায় রন্তান্ত আদৌপান্ত বর্ণন করিলেন,
পরিশেষে কহিলেন আমার নিতান্ত মানস, রাজা পর্বভক্ত নগধ-সিংহাসনের একমাত্র শ্বামী হয়েন।

নক্সী অতি বাজিকাপ্রসুক্ত বড় একটা রাজকার্য্য করিতে পারিজেন না, একণে রাজনীতি-বিশারদ রাজদকে আঅপদে নিয়েজিত করিবার মান্সে এই সমস্ত
সংবাদ অভিগোপনে পর্যতকের নিকট পাঠাইয়া
দিলেন। পর্যতক, মগধরাজ্য অপিকৃত হইলেও, রাজ্যাজলাতে বিলম্ব হওয়াতে চাগক্যের প্রতি মনে মনে অত্যন্ত
বিরক্ত হইয়াছিলেন। একণে সমগ্র রাজ্য লাতের
প্রত্যাশায় প্রস্তেত বিষয়ে সম্পূর্ণ সম্মতি প্রকাশ করিয়া,
পত্রভারা রাজকের হস্তে মমুদায় ভার অর্পণ করিলেন।
এবং আপনার অ্রাজকের হস্তে মমুদায় ভার অর্পণ করিয়া
দয়্য, আপনি ক্রাট নিত্রভাবে চাণক্যের নিকট অবস্থান
করিতে লাগিলেন।

চাণকা রাক্ষ্য-সহচর জীবসিদ্ধি ইইছে এই সুমস্ত সমাদ পাইয়া সমধিক সাবধান ইইয়া চলিতে আরম্ভ করিলেন। কেইবা আত্মপক্ষ, কেইবা প্রপক্ষ, সবি-শেষ প্রীক্ষা ক্রিয়া ক্রেবিধ দেশাচাব পারদর্শী বছবিধ ভাষাভিক্ত নানা-বেশধারী উপযুক্ত ব্যক্তিনিগকে নানা কার্য্যে নিষোজিত করিতে লাগিলেন।
নাল বংশের আগ্রীয় ও পর্যন্তক-পক্ষীয় ব্যক্তিবর্গের
গতি-প্রন্তি সকল পুখালুপুগ্রন্থাপে অলুসন্ধান করিতে
লাগিলেন। শক্তপক্ষীয় কোন ছল্লবেশধারী পুরুষ
ভা নিয়া সহসা চল্লভণ্ডের অভ্যাহিত করিতে না
পারে ভার্মিভ কভিপয় সুচতুর ব্যক্তিকে তাঁহার সহহর করিয়া রাখিলেন। এইরূপে চাধক্য আপনার চারি
দিক স্থাকিত করিয়া রাখিয়া, পর্যন্তকের ভাদৃশ ধূর্ত্তা
ও বিশাস্থাত্কভার সমুচিত শান্তি দিবার উপায় অ্যেন্
বণ করিতে লাগিলেন।

রাক্ষম, পর্মতকৈর মন্ত্রী হইয়া অবধি, কি উপায়ে
মগধাজা হস্তগত হইবে নিরন্তর তাহারই অনুধান করিতেছিলেন ; দেখিলেন, কেবল পর্মতক হইতে ঈদুশ হংসাধা ব্যাপার কখনই সম্পন হইতে পারে না, ছরার অন্য কোন রাজার সাহায্য গ্রহণ করিয়া যুদ্ধার্থ প্রস্তুত হইতে হইবে। এই মনে করিয়া রাক্ষ্য পর্মতকের অন্তমতি লইয়া তদায় রাজ্য হইতে যাতা করিলেন। তিনি কুলুত, মলয়, কাশুনি, সিন্ধু, ও পারস্য, ক্রমে ক্রমে এই পঞ্চ রাজ্য ভ্রমণ করিলেন ; মর্ক্তই পর্ম সমাদরে পরিগ্রীত হইলেন এবং প্রত্যেক রাজাই তাহার নিক্ট ম্থানাধ্য সাহায্য করিবেন বলিয়া অজী-কার করিলেন।

অনন্তর ঐ পঞ্চ রাজার সহিত সৌহার্দ্দ হইলে, রাজস ইলক্ষমে চন্দ্রগুত্তক বিন্দ্র করিবার নিমিত কুসমপুরে একটী বিষক্ষী প্রেরণ ক্রিসেন, এবং জীবসিদ্ধিক রিখন্ত পাত্রে বিবেচনা করিয়া তাহার সহচর করিয়া দিলেন।

हाक्न जीवनिश्चित समस्क क्नात दिसम् मिदान्य ব্যক্ত না করিবেও ডিনি অমান্ত্যের ভারভদ্মীতে বুঝি-তে পারিয়াছিলেন, এই কন্যা অবশ্যই প্রুক্বখাতিনী হইবে। তরিনিভ তিনি কুরুমপুরে উপস্থিত হইয়া অগ্রে চাণকাকে সমুদায় অবগত বরিয়া, পশ্চাৎ কন্যা লইয়া চক্রগুপ্তকে উপহার প্রদান করিলেন। চাণক্য পর্ব-ভকের বিশ্বাসঘাতকতা ও ধূর্ততার সমুচিত শান্তি দিবার উপায় অনুসন্ধান করিভেছিলেন, ভিনি এই উপহার সাতিশয় আহ্বাদপুর্বক গ্রহণ করিয়া, তৎ সহচরদিগকে পুরস্কৃত বরিয়া বিদায় করিলেন। এবং রাত্তিযোগে ঐ উপায়ন পর্বতকরাজের নিকট পাঠাইয়া দিলেন। নেই বিষময়ী কন্যা হইতে সেই রাত্তিতেই পর্বাতকের মুত্যু হইল। অনন্তর চাপক্য মনে২ চিন্তা করিলেন, মলয়কেতৃ এখানে থাকিলে ইহাকে রাজ্যের অংশ দিতে হইবে, অভএব রাত্রি প্রভাত না হইতেই, ইহাকে এখান হইতে অপবাহিত করা কর্ত্ব্য; চাপক্য এইরূপ চিন্ত। করিয়া ভাগুরায়ণ নামক এক ব্যাক্তিকে মলয়কৈতুর নিকট পাঠাইয়া দিলেন। তিনি •তংসবিধানে উপস্থিত হইয়া সভয়বচনে কহিলেন, মহাশয়, অদ্য চাণক্য পর্ব-তকেশ্বরের ব্রধার্থ বিষক্ষ্যা প্রয়োগ করিয়াছেন, আপ-নাকেও বিনম্ট করিবেন বোধ হইতেছে। অভএৰ এই বেলা এখান হইতে প্রস্থান করা কর্তব্য।

মলয়কেতু অক্সাৎ ঈচুণ বিপদুরাত্তী প্রবণে সাতিশয় ভীত ও বিদ্যায়িত হইয়া তৎক্ষণাৎ পিতার শয়নাগারে উপস্থিত হইলেন, দেখিলেন পিতার মৃতদেহ শ্যায় প্রভিত বহিন্নাছে। দেখিব।মাত্র ভয় বিনায় ও শোকে হতবুদ্ধি হইয়া, ভাগুরায়ণের পরামশাত্রুগারে কাহাকেও কিছু না বলিয়া, তাঁহাকৈ নজে লইয়া তদ্ধপ্তই স্বকীয় রাজ্যাতিমুখুে প্রস্থান করিলেন। মলয়কেতুর পলায়নের পূর্বে চাণক্য ভদ্রভট প্রভৃতি চক্রগুপ্ত-সংহাখায়ী কতিপয় রাজপুরুষকে শিখাইয়া রাথিয়াছিলেন, তাঁহারাও উহিার অনুগামী হইবেন। পরিদিন নগ্রনধ্যে একটা মহা ছলস্ক উপস্থিত হইলে, চাৰ্ক্য প্ৰচার করিয়া मित्नम, य हेन्छे अ अर्थां के उन्हार कार्यात विश्व-পাত্র, ইইাদিলের অন্যতর বিন্ট হইলেই আমার অভান্ত अनिके रहेट्द, ताकने हेश निक्षय दूबिया दिव्कनेत প্রয়োজিত করিয়া পর্বতকের প্রাণ বিনাশ করিয়াছেন। চাণক্যের এই চতুরতা প্রজাপণনধ্যে কেহই বুঝিতে পারিল না। রাক্ষম যে পর্বতকেশরের মস্তিত্পদ গ্রহণ করিয়া ভংপক আশ্রয় করিয়াছিলেন, তাহা তত্তা কেইই জানিত না, সভরাৎ তিনিই এই গর্হিত কর্মা করিয়াছেন বলিয়া সকলেরই বিশাস হইল। প্রতক-ভাত বৈরোধ সংখাদরের বিয়োগ ও মলয়কেতুর পলা-য়ন উভয়ই আত্মপকে শুভঁসাধন বলিয়া বোধ করিলেন। ভিনি মগধরাজ্যের অন্ধাংশ বয়ং গ্রহণ করিবেন বলিয়া (महें शांतहें अवश्राम कतिएं नांशितन।

এদিকে রাক্ষস বিষক্ষী। প্রেরণ করিয়া স্বয়ং পর্যতকরাজ্যে প্রভাগমন করিয়াছিলেন। মলয়কেতু উপস্থিত
হইলে পর্যতক-বর্ধ-ইতান্ত প্রবণ ক্রিয়া অত্যন্ত হতান
হইয়া পড়িলেন। কিন্তু তদীয় প্রতিহিংসা-প্রান্ত ক্রেই

पूर्वा द्रोक्त ग

প্রবল হইতে লাগিল। পরিশেষে তিনি নলয়কেতুকে সমুচিত আশাস প্রদান করিয়া, ভাগক্যকে পরাভূত করি-বার নিমিত প্রাণপণ চেটা করিতে লাগিলেন।

্ইতি পূৰ্মপীটিকা সমাপ্তা।

এক দিন স্নানভোজনাত্তে চতুর-চড়ান্থি চাণক্য নিজ-পুত্রে অভান্তরে বসিয়াছিলেন, এমত সময়ে ছল্বেশধারী এক জন চর একখানি যমপট কইয়া ভদীয় দারদেশে উপস্থিত হইল। চাণকোর শিষ্য শারম্বর তাহাকে সামান্য ভিত্তুক বিবেচনা করিয়া অভান্তরে প্রবেশ করিতে নিষেধ করিলেন। আগস্তুক জিজাসা করিল, , অহে ব্রাহ্মণ, এ কাহার গৃহ। শিষ্য কহিলেন আনা-দিগের উপাধ্যায় চাণকোর। সে হাসিয়া বলিল অহে ব্রাহ্মণ, তবে তিনি আমার ধর্মদ্রাতা, আমি তাঁহার সহিত লাক্ষাং করিয়া তাঁহাকে ধর্মবিষয়ে কিলিং উপ-দেশ প্রদান করিতে ইচ্ছা করি। এ কথায় শিষ্য কেন্দ্র इहेब्रा उर्मना कतिया कहिरतन, जात मूर्थ, जुहै आमी-দিগের আচার্য্য হইতেও কি ধর্মজ। সে কহিল, অহে ব্রাহ্মণ, তুমি রাগ করিও না, সকলে সকল বিষয় জানিতে পারে না, কোন বিষয় ভোমার আচার্য্য ভার জানেন. কোন বিষয় বা মান্তুশ লোকে ভাল জানে। শিষ্য কহি-लन, जारत मूर्थ, जुडे जामामित्त्रत जाहार्यात मर्बाद्धजा বিলোপ করিতেছিস্ী বে কহিল আহে, যদি ভোনালিপের আচার্য্য সর্বজ্ঞ হন, ভালই; কিন্তু চন্দ্রকান ব্যক্তির অন্তিমত তাঁহার ইহাও জানা আবশাক। শিষ্য

কহিলেন অরে মূর্য, ইহা জানিয়া আনাদিকের উপাধাারের কি উলকার হইবে। "সে কহিল ভোমার উপাধাায়ই ভাষা বুকিবেন, ভুনি অভি নরলবুদ্ধি, কেবল এই
পর্যন্ত বুকিতে পার যে চক্র কমলের মিভান্ত অনভিমভ,
কিন্তু কমল বয়ং মনোহর হইয়াও পরমননোহর পূর্ণচক্রের প্রতি কি নিমিভ বিদ্বেব প্রকাশ করে ভাষা
কিছুই বুকিতে পার না। চাশকা অভ্যন্তর হইতে এই
কথা শুনিয়া মনে করিলেন এ ব্যক্তি চক্রবিগুকে লক্ষ্য
করিয়াই বলিভেছে গলেই নাই।

শিষ্য কহিলেন অন্তে তুইও অসম্ভদ্ধ কথা কহিতেছিন্।
সে কহিল, যদি উপযুক্ত শ্রোভা পাই ভাষা হইলে সকলই সুনম্বন্ধ ইইবে। এ কথায় চাণক্য হয়ং বাহিরে
আসিয়া কহিলেন, অহে তুনি মনোমত শ্রোভা পাইবে
অভ্যন্তরে প্রবেশ কর। অনন্তর সে প্রবেশপূর্বক
চাণক্যচরণে প্রণান করিয়া নির্দ্ধিই আসনে উপবিষ্ট ইইল। এই ব্যক্তিকে চাণকা প্রকৃতিচিত্ত পরিজ্ঞানে
প্রেরণ করিয়াছিলেন, ইহার নাম নিপুণক!

চাণকা নিপুণককৈ আত্মনিখোগ-রভান্ত বর্ণন করিতে
কহিলে, সে বলিল মহাশয়, আপনকার স্নীভিপ্রভাবে
অপরাগের কারণ অপনীত হইয়াছে, প্রকামধ্যে কেইই
রাজা চক্রগুপ্তের প্রতি বিরক্ত নহে। কেবল ভিন জন,
রাজবিদ্বেরী ইইয়াও অন্যাপি নগরমধ্যে বাস করিভেছে।
অনস্তর চাণকা ভাহাদিগের নাম জিজালা করিলে, সে
কহিল, মহাশয়, কালনক জীনসিদ্ধি এক জন বিপক্ষ,
রাক্ষম বিধ্বন্যান্থারা যে পর্যন্তকেশ্বের প্রাণব্ধ করেন
জীবসিদ্ধিই ভাহার প্রধান প্রবর্তক ছিল।

চাগকোর ইহাও সামান্য মুদ্ধিকোশল নহে, বে তাহার এক জন চর জ্ঞার চরকে আত্মপালীয় বলিয়া জানিতে পারিত না। পূর্কেই বলা হইয়াছে ক্ষপণক চাগকোর নিরোক্ষিত ভালীয় পর্মবন্ধু। স্কুরাং তিনি নিপুণকের এই বাকা ভানিয়া মনে মনে অভান্ত সন্তুক্ত হইলেন।

নিপুণক পুনর্কার কছিল মহাশৃয়, রাক্ষদের পরম মিত্র मंक्ष्रमांत्र जामामित्मत् क्रक क्रम विश्वम । এ क्रशाम ঢাণক্য মনে করিলেন এ ব্যক্তি কায়স্থ অভিনামান্য লোক, ঘাহাহউক কুদু শক্তকেও উপেক্ষা করা বিধেয় নহে, আদি সেই প্রস্তৃক্তই ভাহার নিকট সিদ্ধার্থককে ছয়বেশে নিয়োজিত করিয়া রাখিয়াছি। চাগক্য এইরূপ চিন্তা করিয়া অপর ব্যক্তির নাম জিজাসা করিলে, মে কছিল, মহাশয়, পুস্পপুরনিবাসী চন্দনদাস নামক মণিকারজ্ঞেলী मर्कारभका अधान भक्त। म त्राक्तामत माजिया विश्वस পাত্র, জমাড্যের পুত্র কলতাদি সমস্ত পবিবার এই শ্রেগীর ভবনেই অবস্থান করিজেছে, আমি ভাষার নিদ-র্শন স্বৰূপ এই অফুরীয়মু**ন্তাটী আনিয়াছি।** এই বলিয়া নিপুণক চাণকাছতে মুক্তা প্ৰাদান করিল। চাণকা অঙ্গ-तीशतक ताकरमत नामाक मिथिया बरभदानां छ जान-ন্দিত হইলেন। এবং মনে করিলেন আর আমাদিণের মনোর্থ পূর্ণ হইবার অধিক বিলয় নাই, রাক্ষরকে অচিবাৎ হল্পাত হইতে হইবে।

পরে চাণকা নিপুণককে মুদ্রাধিগনের বার্তা জিজ্ঞানা করিলে, সে কছিল, মহাশয়, আপনি আমাকে প্রকৃতি-চিত্ত-পরীক্ষণে নিয়োজিত করিলে, আমি বেশপরিবর্তন

পূর্মক এই যমপটখানি হস্তে লইয়া ভিকা করিয়া বেড়া-ইতে নাগিনাক। এইরূপে ইতস্ততঃ বেড়াইতে বেড়া-ইতে এক দিন উক্ত মণিকারের ভবনে অবিষ্ট হইয়া যমপট দেবাইয়া গান করিতে আরম্ভ করিলাম। গীভ এবণে একটা সুকুমার বালক নারীপুরহইতে বহিণ্ড रहेल, यात्रक वाहित रहेल वालक वाहित रहेल बिलग्न, ययनिकात अञासदत द्वीशन क्लामाहन कतिया छिटिन, वंदर उरक्लार वक्की अंत्रम्यूक्ती मात्री वास्त्रमण्ड হইয়া হস্তমাত্র বাহির করিয়া বালকটাকে বলপুর্বক টানিদা লইল। এ সময় জ্বীয় হস্তব্যিত এই অন্সরীয়কটা স্থালিত হইয়া আমার পাদমূলে আসিয়া পড়িল। আমি गत्न कतिलाम देश अवनाहे शुक्रव-शतिरधग्र इहेरव, नरहर এরপ সহসা ছলিত হওয়া কথনই সম্ভবিতে পারে না 1. তংপরে উভোলিত করিয়া দেখিলাম, ইহাতে রাক্ষদের নামান্ধ রহিয়াছে। আমি অথনি অভি সাবধানে লৃক্কা-য়িত করিয়া লইয়া এই আপনকার সন্নিধানে উপস্থিত হইয়াছি ৷

চাণকা অনুস্ভূতপূর্ব এই আশ্চর্যা ঘটনায় বিবেচনা করিলেন, দৈব চক্রগুপ্তের প্রতি অভান্ত অনুকূল হই য়া-ছেন। পরে নিপুণক বিদায় হইয়া গেলে, ভিনি মনে মনে চিন্তা করিতে লাগিলেন, ভাগ্যক্রনে রাক্ষ্যের অঙ্কু-রীয়ক মুদ্রা হন্তগভ হইল, একণে একথানি পত্র লিখিয়া ইহাছারা মুদ্রাহিত করিলে পত্র রাক্ষ্যের প্রয়োজিত বলিয়া অবশ্যই প্রতীয়মান ইইবে। কিন্তু পত্রখানি এমত বিবেচনাপূর্বক লিখিতে ইইবে যাহাতে উহাছারা রাক্ষ্য একবারে হীনবল ইইয়া আমাদিগের আয়ন্ত হয়। অনন্তর চাণকা কিয়ংক্ষণ চিক্কা কবিয়া লিখিতবা বিষদ্ধ এক প্রকার ক্ষরণারিত করিলেন। এই স্মধ্যে এক প্রন্ধ প্রণিধ আসিয়া প্রণাম করিয়া কছিল, মহাশায়, রাজা চক্রপ্র পর্যন্তকেশবের শ্বর্ণার্ম ভলীয় পরিপৃত আতরণক্রম প্রাক্ষণসাৎ করিতে ইন্ফা করেন, একণে আপনকার কি অমুমতি হয়। চাণকা কহিলেন আমি রাজার এবন্ধি সদভিপ্রায়ে সন্তুই হইলাম, পর্যন্তকরাক্রের ভূষণ অভি উৎকৃষ্ট, উৎকৃষ্ট পাত্রে দান করাই বিধেয়। অভএব আমি মনোনীভ করিয়া যে ভিন জন ব্রাহ্মণ পাঠাইতেছি তিনি যেন ভাহাদিগকেই দেন। এই কথা বলিয়া চাণকা দৃতকে বিদায় করিয়া শিষ্য শার্ম্ম রবকে কহিলেন ভূমি বিশ্বাবস্থ প্রভৃতি জাতৃত্রহকে গিয়া বল, ভাহারা চক্র-গুপ্তের নিকট হইতে দানপ্রিগ্রহ করিয়া যেন আমার সহিত্ব সাক্ষাৎ করেন। শার্ম্ম রবন্ত চাণকোর আজ্ঞান্তন্যারে ভাহাই করিল।

চাণকা লিখিতব্য-বিষয় পূর্মে স্থির করিলেও, কোন অংশে কিঞ্চিং অঙ্গহীন ছিল, এক্ষণে সময়োপযোগী এই আকস্মিক ঘটনা উপস্থিত হওয়াতে পত্রখানি সর্বাক্ষ-স্থলর হইল মনে করিয়া যংপরোনাস্থি আনন্দিত হইললন। কিন্তু ভাবিলেন সহস্তে পত্রলিখন উপযুক্ত হয়না, রাক্ষসের কোন আত্মীয়দ্বারা লিখানই কর্ত্র্যা। চাণক্য এইরপ চিন্তা করিয়া শার্ক্ষ রবকে আহ্বান পূর্মক লেখনীয় বিষয় অবগত করিয়া সিদ্ধার্থক,সমিধানে প্রেরণ করিলন, এবং বলিয়া দিলেন, সিদ্ধার্থক স্থকীয় মিত্র শক্ষদানের নিকট আমার নামোলেখ না করিয়া,

ভদ্বারা প্রথানি লিখাইয়া লইয়া বেন আমার নিকট উপস্থিত হয় ১

দিন্ধার্থক চাণকোর আজ্ঞানুসারে শক্টদাসন্থার। পত্র-থানি লিখাইয়া ক্ষণবিলয়ে স্বয়ং আচার্য্য-সনিধানে আদিয়া উপন্তিত হইলেন; এবং প্রণাম করিয়া কহিলেন, নহাশয়, শক্টদাস আনাকে অভ্যন্ত বিশ্বাস করেন বলিয়া পত্রার্থ বিচার না করিয়াই লিখিয়া দিয়াছেন। চাণক্য দিন্ধার্থকের হস্তহইত্তে পত্রগ্রহণ-পূর্ব্বক রাজসের অজুরীয়-মুজান্বারা অনিত করিলেন।

অনন্তর চাণক্য সিদ্ধার্থককে কহিলেন, তদ্র! আমি তোমাকে আজীয়-জনোচিত কোন কার্য্য নিষুক্ত করিছে ইছা করি। সিদ্ধার্থক বলিলেন, মহাশয়, আমি এব বিধ কোন বিষয়ে নিযুক্ত হইতে পারিলে, আপনাকে কৃতার্থ ও অনুগৃহীত জান করিব। চাণক্য কহিলেন, তদ্র! শকটদাস কণ্বিলয়েই বধ্যভূমিতে নীত হইবে; তুমি ভথার গিয়া সমুচিত বলবীর্য্য প্রকাশ পূর্যক ঘাতক-দিগের হস্ত হইতে ভাহাকে ছিনিয়া লইরা পলায়নপূর্যক একবারে রাক্ষণের নিকট উপস্থিত হইবে। বন্ধুর প্রাণর্গণ হেতু রাক্ষণ সম্ভূত হইয়া অবশাই কিছু পারিভোগির দিবেন, তুমি ভাহা গ্রহণ করিবে, এবং কিয়ংকাল ভাহার সেবাও করিছে। পরিশেষে যথন শক্রগণ আন্দিয়া কুসুমপুরের প্রভাাসর হইবে, ভখন ভোমাকে এই রূপ করিতে হইবে। এই বলিয়া চাণক্য ভংকালকর্ত্ব্য বিষয় কাণে কাণে বলিয়া দিলেন।

অনন্তর চাণক্য শার্ক্রবকে আহ্বান করিয়া কহিলেন "বংস, তুমি কালপাশিক ও দণ্ডপাশিককে বল, জীব- সিদ্ধি রাক্ষ্যের প্রাণবিনাশ বরিয়াছে, অকুএব ভাহারা পর্বভকেশ্বরের প্রাণবিনাশ বরিয়াছে, অকুএব ভাহারা রাজা চল্রগুপ্তের আজ্ঞানুসারে ভদীয় দোবোদ্যোষণ পূর্বক ভাহাকে নগরহইডে নির্বাদিভ করুক। আর কায়ন্থ শকটদাস রাক্ষ্যের পরমনিত্র, সে চল্রগুপ্তের রাজ্যন্যে থাকিয়া ভাঁহারই অনিই-চেকা বরিডেছে, অভএব ভাহাকে রাজাজ্ঞাক্রমে শূলে চড়াইয়া মারিয়া কেলুক। শার্মার্ক্রব আজ্ঞা-পরিপালনার্থ ভংকণাৎ প্রস্থান বরিলেন। ভথন চাণক্য সিদ্ধার্থকের হস্তে অঙ্গুরীয়-মুলাসহ পত্রেখ নি প্রদান বরিয়া, ভোমার কার্য্যে যেন সর্বভোভাবে মঙ্গল হয় বলিয়া আশীর্কাদ করিলেন। সিদ্ধার্থকও ভদীয় চরণবরণ মন্তর্গে মন্তর্গে অন্তর্গে লইয়া বিদার হইলেন।

অনন্তর শার্জারব প্রত্যাগত হইলে, চাণকা তাঁহাকে প্রেটা চন্দনদাসকে প্রাহ্বান করিতে পাঠাইলেন। ঘণিকার চাণকার সভাব ভাল জানিতেন, পাছে তিনি ভদীয় ভবন অন্তেরপপূর্বক স্কমান্ড্যের পরিজন হস্তুগত করেন এই আশক্ষায়, ইতিপূর্বেই ভাহাদিগকে স্থানান্তর করিয়াছিলেন। এক্ষণে শার্জারবের সহিত স্পতি সভ্যান্তঃকরণে চাণক্যের নিকট উপনীত হইয়া প্রণাম করিয়া, তদীয় আসনের কিঞ্চিল্বে দপ্তায়মান হইলেন। চাণক্য সাদরসম্ভাবণে ভাঁহাকে স্কাসনে উপবেশন করাইয়া ক্ষণকাল মিন্টালাপ করিলেন। পরে জিজ্ঞাসা করিলেন, সহে প্রেটা, ভোমাদিগের নবীন ভূপতি চক্রগুপ্ত অন্যাপি কি প্রজাগণের প্রণয়ভাজন হইতে পারেন নাই, স্ব্যাপি কি নন্দবংশবিয়োগছাংখ ভাঁহাদিগের স্ক্রেকরণে জাগনক্রক আছে। এই কথায় চন্দনদাস সাভিশয় বিস্কয়

अकाम पूर्वक कहित्तन, यश्याय, भारतीय पूर्वच्छ मन-र्गात कान द्वालित अस्तकता आमत्मत उपरा ना इरा। চাণক্য বলিলেন, অহে গ্রেকী, যদি রাজা চন্দ্রগুপ্ত প্রজা-দিশের যথার্থই প্রিম্নসাধন করিয়া থাকেন, ভাহা হইলে তাহাদিদেরও ভাঁহার খতি তদমুরপ কার্য্য করা কর্ত্ব্য। মণিকার কহিলেন, মহাশয়, তাহার সন্দেহ কি, আপনি রাজার সন্তোষার্থ এ অধীনকে বেরূপ আজ্ঞা করিবেন ভাষাই করিব। চাণকা বলিলেন, রাজা চন্দ্রগুপ্ত নন্দ-दश्मीय ताकामित्मत्र नाय निजास वर्गलाजी ७ श्रका-পীড়ক নহেন, ইনি প্রজাপুঞ্জের সুখসম্পত্তি রুদ্ধি হইলেই জাপনাকে পরমসুখী বোধ করিয়া থাকেন। ভাঁহার যাবতীয় রাজনীতিই এতদভিপ্রায়মূলক, অতএব রাজ্য-मर्था मीजिविक्स कार्या शहेरल जातक शहेरल, ताका उ প্রজা উভয়েরই অনিন্ট ঘটিবার সম্ভাবন।। চন্দনদাস কহিলেন, মহাশয়, কোনু অধন্য ব্যক্তি ঈদৃশ প্রজা-हिटेडियी ताखात हिक्काहत्व कतित्व। हानका कहित्वन, তুমি আপনিই রাজার বিরুদ্ধ কার্য্য করিয়াছ। চন্দন-দাস সচকিত হইয়া কহিলেন, কি আশুচর্য্য, অগ্নির সহিত জুণের কি কথন বিরোধ মন্ত্রতৈ পারে। চাণক্য বলি-লেন, অতে মণিকার, তুমি রাজার অপথ্যকারী রাক্ষ্যের পরিজন নিজ-ভবনে রাখিয়াছ; তাদৃশ বিপত্তি-সময়ে ভাহাদিগকে আত্ময় দেওয়া যে গহিত কর্মা হইয়াছে ভাষা বলিভেছি না। পুরাতন রাজপুরুষেরা কোন এবল শব্ৰুকৰ্ত্বৰ উপদ্ৰুত হইলে, পোৱজন-ভবনে পরি-জনাদি নাস্ত করিয়া গিয়া খাকেন, অতথ্য ভদ্ধনা েতোমার কোন অপরাধ নাই, কিন্তু একণে ভাহাদিথবে

কোপন করিয়া রাখা অবশ্যই দুষ্ণীয় বলিভে হইবে।

চন্দনদাস প্রথমতঃ সক্ষুণ্রপে অস্থীকার করিয়া,
পশ্চাৎ চাণক্যের উত্তেজনায় শক্তিত ইইয়া কহিলেন,
মহাশয়, অমাতা রাক্ষস প্রস্থান সময়ে পরিজন মদীয়
ভবনে রাখিয়া গিয়াছিলেন সতা, কিন্তু এক্ষণে ভাঁহারা
কোথায় আছেন বলিতে পারি না। চাণক্য হাসিয়া
কহিলেন, অহে মণিকার, ভোমার মন্তকোপরি কণী,
দুরে তৎপ্রতীকার, রাজা চক্রকাপ্ত দগুবিধান করিলে
রাক্ষস কোন মতেই ভোমায় রক্ষা করিতে পারেন না।
আর তুমি ইহা মনে ভাবিও না, চাণক্য যদ্রপ নন্দবংশ
ধ্বংস করিয়া তুর্বাই প্রতিজ্ঞাতার হইতে আপনাকে মুক্ত
করিয়াছে রাক্ষস চক্রন্তপ্তের নিধন করিয়া কথনই তদ্রপ
কুত্রবার্য হইতে পারিবেন না।

আরও দেখ, রাজনীতি-বিশারদ বক্রনাসাদি মন্ত্রিগণ, নন্দ জীবিত থাকিতেও যে রাজলক্ষ্মীকে স্থির করিয়া
রাখিতে পারেন নাই, সেই লক্ষ্মী এক্ষণে চক্রপ্তপ্তে অচলা
হইয়াছেন, অভএব চক্রপ্তপ্ত হইতে লক্ষ্মী হরণ করা,
চক্রহইতে তদীয় শোভাপহরণের ন্যায়, নিভান্ত অসম্ভবই
জানিবে। আর করিশোণিতাক্ত করাল কেশরীর বদন
হইতে তদীয় দশন উৎপাটিত করা ক্র্যনাই অনায়াসসাধ্য
হইতে পারে না।

থান চাণক্য এইরপে করিভেছিলেন, সহসা একটা কোলাহল শব্দ প্রতিগোচর হইল। আর্মনি তিনি শার্দ্ধ-রবকে ভাহার তথ্য জিজ্ঞাসা করিলে, তিনি কহিলেন, মহাশয়, রাজার অপথ্যকারী জীবসিদ্ধি রাজাগুলায় নগর

হইতে নিৰ্মাদিত হইল। চাণক্য শ্ৰুতমাত্ৰ কিঞ্চিং ছুঃখ প্রকাশ করিয়া,পরিশেষে কহিলেন, রাজবিরোধীর এরূপ দও হওয়া আবশ্যক হইতেছে। এই কথা বলিয়া চাণকা পুনর্কার চন্দনদাসকে কহিলেন, অহে মণিকার, দেশ, রাজা বিরোধীর প্রতি গুরুতর দণ্ডবিধান করিয়া খাকেন। অতএব রাক্ষদের পরিজ্ঞন সমর্পণ করিয়া রাজার অনুগৃহীত হও। চন্দনদাস পুনর্মার অবিকল পূর্বেৎ প্রভাৱে করিলেন। এসময়ে আর একটা কোলাহন শদ হইল। চাণক্য শার্মরেকে তাহার তথ্য জিজাসা করিলে, তিনি কহিলেন মহাশম, ঘাতকেরা রাজবিরোধী কায়ত্থ শক্টদাসকে রাজাজ্ঞায় বধাভূমিতে লইয়া যাইতেছে। চাণকা কহিলেন, সকলকেই আত্মিক্ত मममः कर्णात कन्छांभी इडेट्ड इडेट्ट । खट्ड हन्पनपाम, রাজা বিরোধীর প্রতি ভীষণ দওবিধান করিতেছেন, ভোষার এ অপরাধ কথনই ক্ষমা করিবেন না, অভএব বাক্ষদের পরিজন সমর্পণ করিয়া আপনার পরিজন ও जीरन तक। कत्।

চন্দনদাস চাণকোর আর বাকাভাড়ন। সহিতে না পারিয়া সক্রোধৰচনে কহিলেন, মহাশয়, আমি কি এতই স্বার্থপর ও বিবেকশ্না যে আত্মপরিজন রক্ষার্থ রাক্ষসের পরিজন বিসর্জন করিব। রাক্ষসের পরিবার আমার গৃহে থাকিলেও আমি কাপুরুষের নাায় তাহা-দিগকে কখনই শক্তহন্তে সমর্পণ করিভাম না। এ কথায় চাণকা মনে মনে ভদীয় পরোপকারিভা ও প্রকৃত বক্ষুভার প্রশংসা করিয়া, ভাঁহাকে জিজাসা করিলেন অহে মণিকার, এই নিই কি ভুমি স্থির নিশ্চয় করিয়াছ, কোন ক্রমেই ইহার অন্যথা করিবে না। চন্দন
দাস কিছুমাক্র বিচলিভ না হইয়া পুনুর্বার পূর্ববং
প্রত্যুত্তর প্রদান করিলেন। চাণক্য জাঁহার তথাবিধ
উক্তপ্রকৃতি সন্দর্শনে কোপাবিফ হইয়া কহিলেন, রে
ছফ বণিক্, ভোকে ঈদুশ রাজবিরোধিভার সমুচিত
দণ্ড পাইতে হইবে। চন্দনদাস কহিলেন, মহাশয়
এরপ রাজদণ্ড পুরুষের পক্ষে যথার্থই শ্লাম্বনীয়, সূত্রাং
নিভান্ত প্রার্থনীয় সন্দেহ নাই; এই কথা বলিয়া ভিনি
আসন পরিভাগে পূর্মক দণ্ডাক্তা-প্রতীক্ষা করিতে
লাগিলেন।

চাণক্য সজোধ কঠোরস্বরে শার্ক্রবকে আহ্নান করিয়।
কহিলেন, অহে তুমি কালপাশিক ও দণ্ডপাশিককে
বল, ভাহারা সহর এই ছুই বণিকের নিগ্রহ করুক্।
অথবা ছুর্গপাল ও বিজয়পালকে বল ভাহারা এই ছুরামার সমুদায় সম্পত্তি রাজার কোষসাৎ করিয়া সপরিবার ইহাকে কারারুদ্ধ করুক, পশ্চাৎ রাজা সয়ৎ ইহার
দণ্ডবিধান করিবেন। শার্ক্রর তৎক্ষণাৎ ভাঁহাকে লইয়া প্রস্থান করিলেন। কিন্তু চন্দনদাস ইহাভেও কিছুমাত্র ভীত বা ছুঃখিত হইলেন না, বরৎ বন্ধুর হিভার্থ
প্রাণদান পৌরুষকার্য্য বিবেচনা করিয়া মনে মনে
আমন্দ অনুত্ব করিতে লাগিলেন। জনস্তর কারাগারে
নীত হইলে কারাধ্যক্ষ ভদীয় সর্বন্ধ গ্রহণপূর্মক সমস্ত
পরিবার সহ ভাঁহাকে কারারুদ্ধ করিয়া রাখিল।

চাণক্য এইরূপে চন্দনদাসকে কারানিবন্ধ করিয়া মনে করিবেন, এবার রাক্ষমতক অবশ্যই মদীয় হস্তে আয়-সমর্পণ করিতে হইবে। যে ব্যক্তি ভাঁহার উপকারার্থ আপনার জীবন বিসর্জনে উদাত হইয়াছে, ভথাবিধ পরমাত্মীয়ের বিপদ তিনি কথনই উপেকা করিয়া থাকিতে পারিবেন না। চাণক্য যথন এই প্রকার চিম্ভা করিডেছিলেন ঐ সময় আর একটা মহা কোলাহল শক্ষ শুতিগোচর হইল। শার্করিব ফ্রেডবেগে আসিয়া কছিলেন, মহাশয়, সিদ্ধার্থক রাজবিরোধী শকটদাসকে মধ্যভূমি হইতে বলপুর্বক লইয়া প্রস্থান করিল।

চাণকা মনে মনে সন্তুট হইলেন, কিন্তু প্রকৃত ভাব গোপন করিয়া ক্রোধ প্রকাশপূর্মক কুছিলেন, শার্জ-রব, তুমি শীপ্র ভাগুরায়ণকে বল সে ছর্মীয় সিদ্ধার্থককে আক্রমণ করুক। শিষ্য তৎক্ষণাৎ বহির্গত ও প্রতি-নিব্নত হইয়া হতাশতা প্রকাশ পূর্বাক কহিলেন, মহা-শয়, ভাগুরায়ণও পলায়ন করিয়াছে। চাণকা আগ্র-হাতিশয় প্রকাশ করিয়া কহিলেন, বৎস, তুমি ভদুভট, পুরুদত, হিন্দ্রাত, বলগুপ্ত, রাজ্যেন, রোহিভাক্ষ, ও বিজয়বর্দ্ধাকৈ বল তাহারা শীঘ্র সিদ্ধার্থকের অনুধা-বন করুক। শিষ্য পূর্ববং আসিয়া কহিলেন, মহাশয়, আমাদিনের রাজ্যতন্ত্র বিশৃত্বল ও বিপর্নপ্রায় হইয়া উঠিল। সেই ভদভটাদিও প্রত্যুষে পলায়ন য়াছে। চাণকা মনে মনে তাহাদিগের মঙ্গল প্রার্থন। ক্রিয়া শার্ক্রবকে কহিলেন, বৎস, ভোমার ছংখ করি-বার কোন আবশ্যক নাই, বাহারা অদ্য গমন করিল ভাষার ভ পুর্বেই পিয়াছে জানিবে; আর যাহারা অবশিষ্ট রহিয়াছে ভাহারা বাইতে ইচ্ছা করে যাউক; अमधा-रमनानी-मम्भ-कमछा-भाविनी मर्ककार्या माधनी মদীয় বুদ্ধিই একারিনী সমস্ত সম্পাদিত করিবে। চাণক্য

এই কথা বলিয়া শিষ্যকে বুঝাইলেন। পরে মনে মনে রাক্ষ্যকে সংস্থাবন করিয়া বলিতে লুগিলেন, অহে রাক্ষ্য, এখন তুমি আর কোখায় ষাইবে, আমি বলদর্পিত মদোন্নত একচারী বনাহস্তীকে কেবল র্ষলের নিমিত্ত বুজিগুলে আবদ্ধ করিলাম। এইরূপে চাণহ্য হস্তার্জিত রক্ষের ন্যায় চদ্রস্থপ্তকে রাজা করিয়া বুদ্ধিজল সেচনে পরিবাদ্ধিত ও উপায়-বেইনদারা রক্ষিত করিতে লাগিলেন।

🔻 ইতি প্রথম পরিচ্ছেদ।

অকদিন রাক্ষম একাকী সভাগৃহের অভান্তরে বসিয়া
অক্রপুর্ণনয়নে চিন্তা করিতেছিলেন। "আঃ, অকরণ
বিধাতা যতুবংশের নাায় এই প্রকাণ্ড নন্দবংশ একবারে
উদ্ধিন্ন করিলেন। আমি অনন্যকর্মা হইয়া যে সমস্ত
উপায়জাল বিস্তার করিয়াছিলাম একণে তাহার প্রায়
সমুদায়গুলিই বিকলিত হইয়াছে।" অনস্তর আকাশে
চৃষ্টিপাত করিয়া, "হা দেবি কমলালয়ে লক্ষ্যি, তুমি কি
বুঝিয়া তাচ্ন আনন্দহেতু গুণালয় নন্দদেবকে পরিত্যাগ
করিয়া ঘৃণিত মোর্যাপুল্রে আসক্ত হইলে। হা অনতিজাতে, পৃথিবীতে কি সংকুলোংপদ্ধ একজনও নরপাল নাই
যে, তুমি অকুলীন মৌর্যাপুত্রে প্রণায়নী হইলেন আমার
নিশ্চয় বোধ হইতেছে ভবাদৃশী চপলা রমণী কথনই
পুরুষের যথার্থ গুণপক্ষণাতিনী হইকেপারে না। যাহা-

ইউক একণে প্রতিজ্ঞা করিতেছি, আমি ত্বরায় ত্দীয় প্রণয়পাতকে বিনুষ্ট করিয়া তোমাকে নিরাপ্রায় করিব।

"আৰি সুক্তম চন্দনদাসের ভবনে পরিজ্ঞন রাখিয়া আসিয়াছি, ভাষাতে সকলেই বুঝিয়াছে কুসুমপুরের অভিবোগ আমার একান্ত অভিপ্রেত, সূত্রাং মূলয়কেতু-পক্ষীয় কর্মচারিগণ কথনই হতাল হইবে না, ভাষারা ব কার্যে সকলেই সাধ্যানুরূপ যত্ন করিবে।

আমি চক্রগুপ্তের বিনাশ নিমিত গুপ্তপ্রণিধি-সকল নিয়োজিত করিয়া তাহাদিগের সহায্যার্থ ও বিপক্ষ পক্ষের ভেদসাধনার্থ দ্রবিণপূর্ণ কোষসঞ্জীদ্বারা শক্ট-দাসকে ন্তুগরমধ্যেই রাখিয়া আসিয়াছি। এবং শক্ত-পক্ষের আন্তরিক ব্লান্ত পরিপ্রহের নিমিত্ত জীবসিদ্ধি প্রভৃতি প্রধান সুক্দুগণকে নিয়োজিত করিয়াছি। এক্ষণে দৈব বনি চক্রগুপ্তের বর্দ্ধরূপী না হয়েন, তাহা হইলে মদীয় বুদ্ধিরূপ সৃতীক্ষুবাণ অবশ্যই ভাহার মর্দ্মভেদ করিবে।'গ

রাক্ষন যখন একাকী এইরূপ চিন্তা করিতে ছিলেন, এমন
সময়ে মলয়েকতু-প্রেরিত এক জন দৃত তাঁছার নিকটে
উপস্থিত হইয়া প্রণাম করিয়া কহিল, জমাত্য, কুমার
মলয়কেতু আয়পরিধৃত এই কএনখানি আয়তরণ আপনকার নিমিত্ত পাঠাইয়াছেন, এবং কহিয়াছেন, "জমাত্য
প্রত্বেরোগ-কালাবিধি শরীরোচিত সংস্কার সকল পরিত্যাপ করিয়াছেন। স্বামিগুণ সহসা বিস্কৃত হঁইতে
পারা যায় না রটে; কিন্তু আমার অমুরোধ রক্ষা করাও
অমান্ত্যের কর্ত্ব্য।" অভথ্য আপনি এই আতর্ম
পরিধান করিয়া কুমারের প্রীতির্যন্ধন কর্মন, পরিত্যাপ

করিলে তিনি নিভান্ত ছংখিত হইবেন, এই কথা বলিয়া লাজনি মলরকেভুদত আভিরণ সমর্পণ করিলেন। রাক্ষ্য কহিলেন, জাজনি, ভূমি কুমারকৈ জানাইবে, আমি তাঁহার গুণপক্ষপাতী হইয়া স্থামিগুণ বিশ্বুত হইয়াছি; কিন্তু আমি যাবংকাল তাঁহার হেমান্স সিংহাদন সুগাল-গ্রানাদে প্রতিষ্ঠিত করিতে না পারি, ভাবং পরপরিভূত এই নির্মীর্যা শরীরে কিছুমাত সংস্কার বিশান করিব না।

জাজলি কহিলেন মহাশয়, যে স্থলে আপনি মন্ত্রী আছেন, দেখানে কিছুই ছুঃসাধ্য নহে। অতএব কুমা-রের এই প্রথম প্রণয়, আপনাকে প্রতিনানিত করিতে হইবে। রাক্ষন কহিলেন, জাজলি, কুমারের নাায় তোমারও বাক্য অনতিক্রমণীয়, এই বলিয়া তিনি আভবণ গ্রহণপূর্বক পরিধান করিলেন। জাজলিও সন্তুষ্ট হইয়া বিদায় হইলেন।

ঐ সময় এক জন আহিতুত্তিক-বেশে অমাত্যের দারদেশে উপস্থিত হইয়া দারপালকে কহিল, অহে, আমি
অমাত্য রাক্ষ্য-সমিধানে অহিথেলা করিতে আসিয়াছি;
অভএব তুমি ভাঁহাকে শীঘ্র সংবাদ প্রদান কর। দারপাল সর্পোপজীবীকে বসিতে বলিয়া অমাত্যের নিকটে
গিয়া তদীয় প্রশ্নেরা জানাইল। রাক্ষ্য সর্পদর্শন অভতস্চক বিবেচনা করিয়া কহিলেন, অহে আমার সর্পদর্শনে
কৌত্হল নাই, অভএব তুমি ভাহাকে পুরকার দিয়া
বিদায় কর।

এভক্ষণ আহিতুণ্ডিক দ্বারে উপবিষ্ট হইয়া অনাভ্যের বিভূতি দর্শনে ননে২ চিস্তা করিতেছিল "কি আক্ষর্যা, আমি কুসুমপুরে উৎপন্নমতি চাণক্যের সাৰধানতা, কার্য্য- দক্ষতা, রাজনীতিপরতা ও প্রকৃতিপরিপামন-প্রণালী বিলোকনে স্থিত্ব ভাষিয়াছিলান, যে রাক্ষন চন্দ্রগুপ্ত-বিক্লম্বে যত মৃত্ব ও যতই কৌশল করুল, চাণক্য-বৃদ্ধিতে সমস্তই दिक्लीकृष्ठ इहेर्दा किन्छ अकरण त्राकरमत्र सीजि-পরিপারী নিরীক্ষণে বিলক্ষ্য সংশয় উপস্থিত হইল। উভয়পক দর্শনে এমন জ্ঞান হইতেছে, চাণক্য ধিষণাগুণে চন্দ্রপ্তের রাজলক্ষীকে চুচ্বদ্ধ ক্রিয়াছেন, অমান্ত্য রাক্ষমও উপায়হস্ত-দারা তাঁহাকে অনুক্রণ আকর্ষণ করি-তেছেন। যখন এই রূপে আহিতৃতিরু মনে মনে উভয়-পক্ষীয় মরিমুখ্যের প্রশংসা করিতেছিল, দ্বারপাল প্রভাগিত হইয়া কহিল, অহে, আমাদিগের অসাত্য তদীয় জীড়ানৈপুণ্য না দেখিয়াই ভোমাকে পুরস্কার मिया विमाय कतिएक कहित्सम । इंदा ध्वरण व्यागस्रक কহিল অহে, আমি কেবল সর্পোপজীবী নহি, কবিভাও করিতে পারি। এই কথা বলিয়া দারপালের হস্তে শ্লোকরচিত একথানি পত্র প্রদ'ন করিয়া তাহাকে পুন-বার রাক্ষসের নিকট যাইতে কহিল। দ্বারপাল রাক্ষ-সের হস্তে পত্র প্রদান করিলে, তিনি উদুঘাটিত করিয়া দেখিলেন, এই কবিভাটীমাত্র লিখিত রহিয়াছে—

> মধুকরে কুস্থমের মধু করে পাল। অপারে অমৃতমধু পারে করে দানী॥

